

অংশীদারিত্বমূলক পল্লী উন্নয়ন প্রকল্প-৩ (১ম সংশোধিত)

বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড

“পল্লীভবন”

৫ কাওরানবাজার, ঢাকা-১২১৫।

Website: www.prdp-brdb.gov.bd



স্মারক নং- ৪৭.৬২.০০০০.৯০৬.০৫.০৮১.১৬-১২৭৫

তারিখ:

১৫ আষাঢ়'১৪২৯বঙ্গাব্দ

২৯ জুন'২০২২খ্রিস্টাব্দ

বিষয়: ১৫ জুলাই/২০২২খ্রি: তারিখের মধ্যে প্রকল্প সমাপ্তকরণ প্রতিবেদনসহ বাস্তবায়িত স্কীম সমূহের চূড়ান্ত তালিকা প্রেরণ।

সূত্র: সচিব, পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ এবং মহাপরিচালক, বাস্তবায়ন, পরিবীক্ষণ ও মূল্যায়ন বিভাগ (আইএমইডি) মহোদয়গণের সদয় নির্দেশনা, তারিখ: ৮জুন'২০২২ খ্রি:।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের আলোকে অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের নিমিত্ত জানানো যাচ্ছে যে, গত ৮জুন'২০২২ খ্রি: তারিখে পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগের সম্মেলন কক্ষে অনুষ্ঠিত জুন/২০২২ খ্রি: মাসের এডিপি সভায় অংশীদারিত্বমূলক পল্লী উন্নয়ন প্রকল্প-৩ (১ম সংশোধিত) শীর্ষক প্রকল্পের আওতায় বাস্তবায়িত স্কীম সমূহের সমাপ্ত প্রতিবেদনসহ চূড়ান্ত তালিকা সচিব, পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ এবং মহাপরিচালক, বাস্তবায়ন, পরিবীক্ষণ ও মূল্যায়ন বিভাগ (আইএমইডি) এর নিকট পুস্তিকাকারে প্রেরণ করার নির্দেশনা প্রদান করা হয়েছে। সেলক্ষ্যে আপনার জেলাধীন উপজেলা সমূহে বাস্তবায়নাধীন অংশীদারিত্বমূলক পল্লী উন্নয়ন প্রকল্প-৩ (১ম সংশোধিত) শীর্ষক প্রকল্পের স্কীম সমূহের বাস্তবায়ন সংক্রান্ত সমাপ্ত প্রতিবেদনসহ চূড়ান্ত তালিকা আগামী ১৫ জুলাই'২০২২ খ্রি: তারিখের মধ্যে প্রকল্প পরিচালক (অংশীদারিত্বমূলক পল্লী উন্নয়ন প্রকল্প-৩) বরাবর হার্ডকপি ও সফট কপি প্রেরণ করার জন্য অনুরোধ করা হলো।

বিষয়টি অতীব জরুরী

এস এম মাসুদুর রহমান

মহাপরিচালক (ভারপ্রাপ্ত)

বিআরডিবি, ঢাকা।

উপপরিচালক (সকল)

বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড

..... জেলা।